



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেলের কোন এজেন্ট/ সাব এজেন্ট বা প্রতিনিধি নেই

নং.৪৯.০২.০০০০.০০০.০০০.০৪.০০০৮.২৫ / ৩২২৬

তারিখ: ২৩.০৪.২০২৬ খ্রি.

বোয়েসেল-এর মাধ্যমে জাপানের কোম্পানিতে নিম্নবর্ণিত পদে দক্ষ মহিলা টেকনিক্যাল ইন্টার্ন নিয়োগ করা হবে:

ক্রম	পদ	বয়স	সংখ্যা	জেন্ডার
১	নার্সিং কেয়ারগিভার	১৮-৩৫ বছর	০২ জন	মহিলা

চাকুরির শর্তাবলি:

- প্রার্থীকে ন্যূনতম মাধ্যমিক/ এস.এস.সি. শ্রেণী পাশ, JLPT-N4 লেভেল এর জাপানিজ ভাষা সনদধারী হতে হবে এবং সংশ্লিষ্ট কাজে দক্ষ ও অভিজ্ঞ হতে হবে;
- দৈনিক ৮ ঘণ্টা কাজ করতে হবে এবং জাপানের শ্রমআইন অনুযায়ী ও ভারটাইম প্রদান করা হবে;
- চুক্তির মেয়াদ ০৩ বৎসর;
- প্রতিমাসে বেতন সর্বসাকুল্যে ১,৭৬,২৪৪ জাপানিজ ইয়েন (বাংলাদেশি মুদ্রায় ১,৩৬,০০০/- টাকা প্রায়);
- কোম্পানির কর্মপঞ্জিকা অনুযায়ী প্রতিমাসে ২০-২২ দিন কাজ করতে হবে;
- আবাসন সুবিধা কোম্পানি থেকে প্রদান করা হবে তবে ইউটিলিটি বিল কর্মীকে প্রদান করতে হবে;
- খাবারের খরচ কর্মীকে বহন করতে হবে;
- কর্মীকে জাপানের শ্রমআইন অনুযায়ী মেডিকেল সুবিধা, হেলথ ইনস্যুরেন্স, সোশ্যাল ইনস্যুরেন্স সুবিধা প্রদান করা হবে;
- পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ০২ বৎসর থাকতে হবে;
- কর্মরত অবস্থায় কর্মীর দুর্ঘটনাজনিত ক্ষতিপূরণ জাপানের শ্রমআইন অনুযায়ী প্রদান করা হবে;
- চাকুরিতে যোগদান এবং কর্ম চুক্তি শেষে ফেরত আসার বিমান ভাড়া কোম্পানি প্রদান করবে;
- প্রার্থীর কমপক্ষে ০২ ডোজ কোভিড ভ্যাকসিন গ্রহণ করা হয়েছে মর্মে সনদ থাকতে হবে;
- আবেদনকারীদের পুরনো পাসপোর্ট থাকলে বর্তমান পাসপোর্টের সাথে পুরনো সকল পাসপোর্টের নিজ নাম, বাবার নাম, মা-এর নাম এবং জন্মতারিখের কোন পরিবর্তন গ্রহণ যোগ্য হবে না।

বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য তথ্য:

- আগ্রহী প্রার্থীদের জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য তথ্যাদিসহ আগামী ৩০.০৪.২০২৬ খ্রি তারিখ বিকাল ০৪:০০ টার মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনকারীদের সরাসরি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।
- টেকনিক্যাল ইন্টার্ন হিসেবে জাপানে গমনকারী কর্মীদের সিলেকশন পূর্ববর্তী প্রশিক্ষণ ও সিলেকশন পরবর্তী ব্যবস্থাপনা ব্যয়, বহির্গমন ছাড়পত্র, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার ফি, স্মার্ট কার্ড ও অগ্রিম কর বাবদ ৫৬,৩৫০/- (ছাপ্তান হাজার তিনশ পঞ্চাশ) টাকা বোয়েসেল বরাবর পে অর্ডারের মাধ্যমে প্রদান করতে হবে।
- আবেদনের লিংক: <https://brms.boesl.gov.bd/> (অনলাইন আবেদনে সকল তথ্য কর্মীকে প্রদান করতে হবে, Work Experince এর ঘরে কর্মীর জাপানিজ ভাষা সনদ, শিক্ষাগত সনদ, অভিজ্ঞতার সনদ, বিজ্ঞপ্তি অনুযায়ী নির্ধারিত সিডি ও অন্যান্য তথ্য একটি পিডিএফ ফাইলে আপলোড করতে হবে)।
- নির্বাচিত প্রার্থীকে নিজেই বাংলাদেশ-এ অবস্থিত VFS Global-এ নির্ধারিত ভিসা আবেদন ফি প্রদানের মাধ্যমে জাপানিজ ভিসা আবেদন জমা দিতে হবে এবং ভিসা সংগ্রহ করতে হবে। ভিসা আবেদন সম্পর্কিত তথ্য বোয়েসেল থেকে প্রদান করা হবে।

অনলাইনে আবেদন কোন প্রার্থীর চাকুরি নিশ্চিত করে না এবং বোয়েসেল কর্তৃপক্ষ উক্ত নির্বাচন প্রক্রিয়া সম্পর্কিত যেকোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

বোয়েসেল কোন নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোন নগদ অর্থ প্রদান করবেন না

২৬/০৪/২৬
সমর কুমার রনি
ন্যাবস্থাপক
বোয়েসেল, ঢাকা।

২৬/০৪/২৬
মোহাম্মদ আলম হোসেন
উপমহাব্যবস্থাপক (উন্নয়ন ও গবেষণা)
বোয়েসেল

বোয়েসেল কর্তৃপক্ষ

২৬/০৪/২০২৬
এস. এম. শফি কামাল
সিএক্স (উপসচিব)

অফিস ঠিকানা: বোয়েসেল, ঢাকা।

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)

ISO 9001: 2015



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)